# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬২৯

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ যখন কোন মুসলিম ব্যক্তি তাওবা করে দুনিয়া থেকে চলে যায়, তখন আল্লাহ তা'আলা জাহান্নামে তার স্থানে কোন ইয়াহুদী অথবা খ্রীষ্টানকে প্রবেশ করিয়ে উক্ত তাওবাকারী মুসলিম ব্যক্তির উপর অনুগ্রহ করবেন

## ذِكْرُ تَفَضُّلِ اللَّهِ جَلَّ وَعَلَا عَلَى الْمُسْلِمِ التَّائِبِ إِذَا خَرَجَ مِنَ الدُّنْيَا بِهِمَا بِإِدْخَالِ النَّارِ فِي الْقِيَامَةِ مَكَانَهُ يَهُودِيًّا أَوْ نَصْرَانِيًّا

---

আরবী

629 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا عَفَّانُ قَالَ: حَدَّثَنَا هَمَّامٌ قَالَ: حَدَّثَنَا قَتَادَةُ أَنَّ عَوْنَ بْنَ عَبْدِ اللَّهِ وَسَعِيدَ بْنَ أَبِي بُرْدَةَ: حَدَّثَاهُ أَنَّهُمَا سَمِعَا أَبَا بُرْدَةَ يُحَدِّثُ عُمَرَ بْنَ عَبْدِ الْعَزِيزِ عَنْ أَبِيهِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (لَا يَمُوتُ رَجُلٌ مُسْلِمٌ إِلَّا أَدْخَلَ اللَّهُ مَكَانَهُ النَّارَ يَهُودِيًّا أَوْ نَصْرَانِيًّا قَالَ: فَاسْتَحْلَفَهُ عُمَرُ بْنُ عَبْدِ الْعَزِيزِ بِاللَّهِ الَّذِي لَا إِلَهَ إِلَّا هُوَ ثَلَاثَ مَرَّاتٍ أَنَّ أَبَاهُ حَدَّثَهُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَحَلَفَ فَلَمْ يُحَدِّثْنِي سَعِيدٌ أَنَّهُ اسْتَحْلَفَهُ وَلَمْ يُنْكِرْ على عون قوله.

الراوي : أَبُو بُرْدَةَ عَنْ أَبِيهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 629 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬২৯. আওন বিন আব্দুল্লাহ ও সা'ঈদ বিন আবী বুরদাহ থেকে বর্ণিত, তারা আবু বুরদাহর কাছ থেকে হাদীস শুনেছেন, তিনি তার বাবার সূত্রে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে উমার বিন আব্দুল আযীযকে হাদীস বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “কোন মুসলিম ব্যক্তি মারা গেলে মহান আল্লাহ জাহান্নামে তার স্থানে কোন ইয়াহুদী অথবা খ্রীষ্টানকে প্রবেশ করাবেন।”[1]

তখন উমার বিন আব্দুল আযীয আবু বুরদাকে ঐ আল্লাহর নামে তিনবার শপথ করান, যিনি ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই- এই মর্মে যে, নিশ্চয়ই তার বাবা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে তাকে হাদীস বর্ণনা করেছেন। অতঃপর আবু বুরদাহ এই মর্মে শপথ করেন। তবে সা'ঈদ আমাকে এটা বর্ণনা করেননি যে, তিনি তার

থেকে শপথ করিয়ে নিয়েছিলেন আবার তিনি আওনের কথার প্রতিবাদও করেননি।”

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৭৬৭; আত তায়ালিসী: ৪৯৯।

আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৩৮১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89131

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন